বিজিএ/এডমিন/২০২৬/২৭৫

১৪ অক্টোবর ২০২৬

সকল সম্মানিত সদস্যদের জন্য

বিষয়: বিজিএমইএ-এর সাম্প্রতিক বিজ্ঞপ্তি এবং তৈরি পোশাক কারখানার ছুটি সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যম এবং কিছু সংবাদপত্রে প্রকাশিত সংবাদে বলা হচ্ছে যে, আসন্ন দুর্গাপূজা উপলক্ষে বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ) পোশাক কারখানাগুলোতে ৩ দিনের ছুটি ঘোষণা করেছে। উক্ত সংবাদটি সম্পূর্ণ বিভ্রান্তিকর।

প্রকৃতপক্ষে, বিজিএমইএ-এর গত ০৮ অক্টোবর ২০২৬ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী, "আগামী **২০ অক্টোবর ২০২৬ (মঙ্গলবার) থেকে ২২ অক্টোবর ২০২৬ (বৃহস্পতিবার)** পর্যন্ত শুধুমাত্র বিজিএমইএ-এর ঢাকা ও চট্টগ্রাম আঞ্চলিক অফিসের দাপ্তরিক কার্যক্রম বন্ধ থাকবে"- মর্মে উল্লেখ ছিল। পোশাক শিল্প কারখানার মালিকগণ শ্রমিকদের উৎসব ছুটি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা-১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০15 এর বিধি ১১০ মোতাবেক কারখানার ইউনিয়ন (যদি থাকে) অথবা অংশগ্রহণকারী কমিটির সাথে আলোচনা করে নির্ধারণ করে থাকেন। **তাই বিজিএমইএ কার্যালয়ের জন্য প্রযোজ্য উক্ত ছুটি পোশাক শিল্প-কারখানার জন্য প্রযোজ্য নয়।**

অতএব, সকল পোশাক কারখানা কর্তৃপক্ষকে সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্যান্য সংবাদ মাধ্যমে প্রকাশিত সংবাদে বিভ্রান্ত না হয়ে শ্রম আইন এবং শ্রম বিধিমালা মোতাবেক কারখানার ইউনিয়ন (যদি থাকে) অথবা অংশগ্রহণকারী কমিটির সাথে আলোচনা করে যেভাবে উৎসব ছুটি নির্ধারণ করা হয়েছে, সে মোতাবেক নিজ নিজ কারখানার শ্রমিকদের উৎসব ছুটি প্রদান করার জন্য অনুরোধ করা হচ্ছে। যেহেতু বিজিএমইএ'র ছুটি সংক্রান্ত সার্কুলার নিয়ে বিভ্রান্ত সৃষ্টি হয়েছে, সুতরাং বিজিএমইএ কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রদত্ত অতিরিক্ত ছুটি বাতিল করা হলো। এতদবিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে গত ১২ অক্টোবর, ২০২৬ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনটি সংযুক্ত করা হলো।

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব

সংযুক্তিঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১২ অক্টোবর, ২০২৬ তারিখের প্রজ্ঞাপন।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

MCCI/BEF 13-10-26
Received on........................
Action taken........................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরী বোর্ড শাখা
www.mole.gov.bd

নম্বর: ৪০.০০.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৬.২১

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩
১২ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ অক্টোবর ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০. ২৫-৯১ নং প্রজ্ঞাপনের ধারাবাহিকতায় বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান/কলকারখানা ও প্রতিষ্ঠানের জন্য সাধারণ ছুটি ঘোষণার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী মালিকপক্ষ ও শ্রমিকপক্ষ পারস্পরিক আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১২-১০-২০২৬
মোঃ মাহবুবুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৪০.০০.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৬.২১/১ (৩৪)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩
১২ অক্টোবর ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর।
৫। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
৬। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।
৯। সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ)।
১০। বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, (বিজিএমইএ)।
১১। বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, (বিকেএমইএ)।
১২। বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন, (বিটিএমএ)।
১৩। বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন, (বিটিএ)।
১৪। বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল, ২৮/১, নয়াপল্টন (৫ম তলা), ঢাকা।
১৫। বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল, ২০০১, নয়াপল্টন (৫ম তলা), ঢাকা।
১৬। বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল, ২৮/১, নয়াপল্টন (৫ম তলা), ঢাকা।

১৭। বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল, ২৮/১, নয়াপল্টন (৫ম তলা), ঢাকা।
১৮। বাংলাদেশ লেবার ফেডারেশন, ২৪-২৫, দিলকুশা বা/এ (৫ম তলা), ঢাকা।
১৯। বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেস, ৬, ব্লক-এ, লেন-১, বাড়ি-১৯, মিরপুর-৬, ঢাকা।
২০। বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, ৩২/২, তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা।
২১। বাংলাদেশ জাতীয় শ্রমিক ফেডারেশন, ২৭/১১/১, তোপখানা রোড, ঢাকা।
২২। বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘ, ৩১-৩২, পিকে রায় রোড, বাংলোবাজার, ঢাকা।
২৩। বাংলাদেশ শ্রমিক সংহতি ফেডারেশন, ইব্রাহীম মেনশন ১১ পুরানা পল্টন, ঢাকা।
২৪। বাংলাদেশ শ্রমিক ফেডারেশন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা।
২৫। সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট, ২৩/২, তোপখানা রোড (৩য় তলা), ঢাকা।
২৬। জাতীয় শ্রমিক জোট, ২০/৪, জয়কালী মন্দির, ঢাকা।
২৭। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন, ৯৩৫, এলিফ্যান্ট রোড, ঢাকা।
২৮। বাংলাদেশ ট্রেড ইউনিয়ন ফেডারেশন, বাংলামটর, ঢাকা।
২৯। বাংলাদেশ জাতীয় শ্রমিক জোট, বিবি এভিনিউ, খদ্দর বাজার শপিং কমপ্লেক্স, ঢাকা।
৩০। বাংলাদেশ লেবার কংগ্রেস, এইচ-৬১/১, নিউ এয়ারপোর্ট রোড, আমতলী, মহাখালী, ঢাকা।
৩১। বাংলাদেশ ওয়ার্কার্স ফেডারেশন, ৯৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
৩২। বাংলাদেশ গার্মেন্টস এন্ড ইন্ডাস্ট্রিয়াল শ্রমিক ফেডারেশন, ইসলাম টাওয়ার, রামপুরা, ঢাকা।
৩৩। সভাপতি, ...।
৩৪। সাধারণ সম্পাদক, ...।

১২-১০-২০২৬
মোঃ মাহবুবুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)